

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৪৪

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৪ বাংলা
২৯ আগস্ট ২০১৭ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

বিষয়ঃ- সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের ঋণের কিস্তি আদায় স্থগিতকরণ, দুর্যোগকালীন ঋণ প্রদান, ত্রাণ সামগ্রী বিতরণ ও প্রয়োজনীয় অন্যান্য সহায়তা প্রদান প্রসঙ্গে।


প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, গত জুলাই মাসে উত্তরাঞ্চলসহ দেশের বিভিন্ন জেলা বন্যা কবলিত হলে ক্ষতিগ্রস্ত অসহায় জনগোষ্ঠীর মাঝে উদ্বৃত্ত তহবিলের অর্থ ব্যয়ের মাধ্যমে জরুরী খাদ্য, বিশুদ্ধ পানি ও ঔষুধসহ প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী বিতরণ করার জন্য অথরিটির ২৫/০৭/২০১৭ইং তারিখের এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৪৩ এর মাধ্যমে অনুরোধ করা হয়। কিন্তু বর্তমানে দেশের উত্তরাঞ্চলসহ বিভিন্ন জেলার বিস্তীর্ণ এলাকার বন্যা পরিস্থিতির চরম অবনতি হয়েছে এবং ভয়াবহ বন্যায় কোনো কোনো জেলার অসহায় মানুষজন সীমাহীন দুর্ভোগে দিনাতিপাত করছে। লক্ষ্যণীয় যে, বন্যায় ক্ষতিগ্রস্ত ক্ষুদ্রঋণের যে সকল গ্রাহক ঘরবাড়ি, ফসল ও সহায় সম্বল হারিয়েছে তাদের অনেকেরই বর্তমানে ক্ষুদ্রঋণের কিস্তি পরিশোধের সক্ষমতা নেই। তাছাড়া বন্যায় ক্ষতিগ্রস্তদের আরো অধিক পরিমাণে ত্রাণ সামগ্রী প্রয়োজন এবং ঐ সকল গ্রাহকদের আয় উৎসারী কর্মকাণ্ড চলমান রাখার জন্য নতুন ঋণ প্রয়োজন।

এ প্রেক্ষিতে আপনাদেরকে নিম্নোক্ত কার্যক্রমসমূহ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো:-

- (১) বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকাসমূহের দরিদ্র ও অসহায় জনগোষ্ঠীর মাঝে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের উদ্বৃত্ত তহবিলের অর্থ হতে সামর্থ্য অনুযায়ী জরুরী খাদ্য, বিশুদ্ধ পানি ও ঔষুধসহ প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী বিতরণ অব্যাহত রাখা;
- (২) নতুন ঋণ সুবিধার আওতায় গ্রাহকগণ যাতে দ্রুততম সময়ে ঋণ (দুর্যোগকালীন ঋণ) পেতে পারেন সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- (৩) বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকাসমূহের অধিক ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাদের নিকট হতে দুর্যোগকালীন/আপদকালীন সময়ে ক্ষুদ্রঋণের কিস্তি আদায় প্রয়োজনে সাময়িকভাবে স্থগিত রাখা এবং গ্রেস পিরিয়ড দিয়ে ঋণ পুনঃতফসিলিকরণ;
- (৪) উপরোক্ত ১নং ক্রমিকের বিষয়ে কার্যক্রম গ্রহণের পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে বিস্তারিত তথ্য (প্রমাণকসহ) উল্লেখপূর্বক বর্ণিত খাতে ব্যয়কৃত অর্থের কার্যোত্তর অনুমোদন গ্রহণের নিমিত্তে অথরিটির নিকট আবেদন দাখিল।

আপনাদের বিশ্বস্ত,


(মোহাম্মদ আবদুল হক)
পরিচালক
ফোনঃ ৮৩৩২৬৭৭

নম্বর- ৫৩.০১.০০০০.০০৯.০১.০০৩.১৭- ৬৫২২ (৭০৫)

তারিখঃ ২৯/০৮/২০১৭ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।
৫. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৭. পিএস টু গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের জ্ঞাতার্থে)।


পরিচালক